



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: বিজিএ/কাস/২০২২/৫৩

তাং ৩০/০৩/২০২২ইং

সম্মানিত সকল সদস্যের জন্য


বিষয়ঃ Export General Manifest (EGM) এর সাথে Online Export Monitoring System (OEMS) ইন্টিগ্রেশন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বিল অব ল্যাডিংয়ের তথ্য ASYCUDA WORLD SYSTEM-এ রিপোর্ট করার জন্য কয়েকটি কাস্টমস হাউজে Export General Manifest (EGM) মডিউল চালু করা হয়েছে এবং বিল অব ল্যাডিংয়ের তথ্য শিপিং এজেন্ট ও ফ্রাইট ফরওয়ার্ডার কর্তৃক মডিউলে প্রদান করা হচ্ছে। ফলে, পণ্য জাহাজীকরণের তথ্য EGM হতে বাংলাদেশ ব্যাংকের Online Export Monitoring System (OEMS) এ প্রদর্শিত হবে এবং রপ্তানীকারকগণ কর্তৃক ডুপ্লিকেট রিপোর্টিংয়ের প্রয়োজন হবে না।

উল্লেখ্য, যেসকল কাস্টমস হাউজে EGM চালু হয়েছে সেসকল কাস্টমস হাউজের মাধ্যমে রপ্তানীর বিপরীতে OEMS -এ ব্যাংক/রপ্তানীকারক কর্তৃক ডুপ্লিকেট রিপোর্টিংয়ের সুযোগ ২০২২ সালের পর আর থাকবে না।

এতদবিষয়ে বাংলাদেশ ব্যাংকের, ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্টের পত্রটি (এফইওডি/এক্সপোর্ট/৫৩৩/২০২২-১২৫২, তারিখঃ ২৮/০৩/২০২২) এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে এক পাতা।


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।



ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট
(এক্সপোর্ট ট্রেড সেকশন)

সূত্র : এফইওডি/এক্সপোর্ট/৫৩৩/২০২২-১২৫২

তারিখ : ২৮/০৩/২০২২

সভাপতি

বাংলাদেশ তৈরী পোষাক প্রস্তুত ও রপ্তানীকারক এসোসিয়েশন
বিজিএমইএ কমপ্লেক্স
হাউজ ৭/৭এ, ব্লক এইচ১, সেক্টর ১৭, উত্তরা
ঢাকা-১২৩০।

প্রিয় মহোদয়,

**Export General Manifest (EGM) এর সাথে
Online Export Monitoring System (OEMS) ইন্টিগ্রেশন প্রসঙ্গে।**

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বিল অব ল্যাডিংয়ের তথ্য ASYCUDA World System-এ রিপোর্ট করার জন্য কয়েক মাস পূর্বে কয়েকটি কাস্টমস হাউজে Export General Manifest (EGM) মডিউল চালু করা হয়েছে এবং বিল অব ল্যাডিংয়ের তথ্য শিপিং এজেন্ট ও ফ্রাইট ফরওয়ার্ডার কর্তৃক EGM মডিউলে প্রদান করা হচ্ছে। সম্প্রতি EGM ও বাংলাদেশ ব্যাংকের Online Export Monitoring System (OEMS) এর মধ্যে ইন্টিগ্রেশনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ফলে, পণ্য জাহাজীকরণের তথ্য EGM হতে স্বয়ংক্রিয়ভাবে OEMS-এ প্রদর্শিত হবে এবং রপ্তানীকারকগণ কর্তৃক ডুপ্লিকেট রিপোর্টিংয়ের প্রয়োজন হবে না।

বর্ণিত অবস্থায়, যে সকল কাস্টমস হাউজে EGM চালু হয়েছে সেখানে বিল অব ল্যাডিংয়ের তথ্য EGM-এ যথাযথভাবে রিপোর্ট করার বিষয়টি নিশ্চিত করার জন্য সকল রপ্তানীকারী প্রতিষ্ঠানকে অনুরোধ করা যাচ্ছে। একইসাথে, এ বিষয়ে আপনাদের এসোসিয়েশনের সদস্যদেরকে সচেতন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, যেসকল কাস্টমস হাউজে EGM চালু হয়েছে সেসকল কাস্টমস হাউজের মাধ্যমে রপ্তানীর বিপরীতে OEMS-এ ব্যাংক/রপ্তানীকারক কর্তৃক ডুপ্লিকেট রিপোর্টিংয়ের সুযোগ ২০২২ সালের পর আর থাকবে না।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাহিদ হোসেন)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৪৭৮

আইপি ফোন : ৫৫৬৬৫০০১-৬/২২৬২২

ই-মেইল : zahid.hossain@bb.org.bd